গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
সংখ্যা : ৮/২০১৭

ঢাকা, মঙ্গলবার ১০ জানুয়ারি ২০১৭, ২৭ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

২। উন্নয়নের পথে এগিয়ে চলেছে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

৩। আজ সোহরাওয়ার্দীর জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী : যান চলাচলে ডিএমপির নির্দেশনা

৪। গ্যাসলাইন বসাতে ১৩ হাজার গাছ কাটার প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

৫। পিরোজপুরের ‘জিয়ানগর’ উপজেলা আগের নামেই ‘ইন্দুরকানি’ নামকরণ

৬। নির্বাচন কমিশনের ওপর মানুষের বিশ্বাস জরুরি : রাষ্ট্রপতি

৭। কমার্স ব্যাংকের পরিচালনা পর্ষদেও শীঘ্রই রদবদল : অর্থমন্ত্রী

৮। পাঠ্যবইয়ে ভুলের কারণে এনসিটিবির দুই কর্মকর্তা ওএসডি : শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন আজ

৯। যানজট এড়াতে ছুটির দিনে সভা-সমাবেশ করুন : ঢাকা দক্ষিণ সিটি মেয়র সাঈদ খোকন

১০। অর্গানাইজেশন অব আমেরিকান স্টেটসের স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা পেল বাংলাদেশ

১১। স্পষ্ট অক্ষরে প্রেসক্রিপশন লেখার নির্দেশ হাইকোর্টের

১২। দ্বিতীয়বারের মতো মেয়রের দায়িত্ব নিলেন ডা. সেলিনা হায়াত আইভী

১৩। বড় ধরনের নাশকতা করার মতো শক্তি জঙ্গিদের নেই : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

ঐতিহাসিক ১০ জানুয়ারি আজ। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। পাকিস্তানে দীর্ঘ কারাবাস শেষে ১৯৭২ সালের আজকের দিনটিতে সদ্য স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন বাঙালির অবিসংবাদিত এই নেতা। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণীতে দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানোর পাশাপাশি এ মহান নেতার অম্লান স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪)।

২। **উন্নয়নের পথে এগিয়ে চলেছে বাংলাদেশ : প্রধানমন্ত্রী**

বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে রয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আজ আমরা উন্নয়ন মেলা করছি। এর মাধ্যমে উন্নয়নের পথে দেশ সফলভাবে এগিয়ে চলেছে। এর আগে আমরা যত পঞ্চবার্ষিক উন্নয়ন প্রকল্প হাতে নিয়েছি, তাতে সফল হয়েছি। এরপর নতুন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। দেশের উন্নয়ন যাতে স্থায়ী হয় এবং এর সুফল যেন দেশের মানুষ পায়, সে লক্ষ্যে কাজ করে যাচ্ছি। গতকাল ৯ জানুয়ারি সোমবার প্রধানমন্ত্রী তার সরকারি বাসভবন গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের ৬৪ জেলায় একযোগে উন্নয়ন মেলার উদ্বোধনকালে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

জনকণ্ঠ, সমকাল, প্রথম আলো, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউজ টুডেসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **আজ সোহরাওয়ার্দীর জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী : যান চলাচলে ডিএমপির নির্দেশনা**

আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। এ উপলক্ষে আজ ১০ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে দুপুর আড়াইটায় জনসভার আয়োজন করেছে আওয়ামী লীগ। এতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষণ দেবেন। এ উপলক্ষে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) পক্ষ থেকে আজ বিশেষ নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা গ্রহণ করা হয়েছে। ডিএমপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৪। **গ্যাসলাইন বসাতে ১৩ হাজার গাছ কাটার প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

দ্বিগুণ গাছ লাগানোর নির্দেশসহ গ্যাস সঞ্চালন লাইন বসাতে গাজীপুরে বন বিভাগের ১৩ হাজারেরও বেশি গাছ কাটার প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। গাজীপুরের শ্রীপুর থেকে জয়দেবপুর পর্যন্ত তিন কিলোমিটার তিতাস গ্যাসের সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য ১৩ হাজার ৩৫৬ গাছ কাটা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৯ জানুয়ারি সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার এক বৈঠকে এই অনুমোদন দেয়া হয় বলে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন। এছাড়া মন্ত্রিসভা আনসার ব্যাটালিয়ন সদস্যদের চাকরি স্থায়ীকরণের (কনফার্ম) লক্ষ্যে এ সম্পর্কিত আনসার ব্যাটালিয়ন (সংশোধনী) ২০১৬ আইনের চূড়ান্ত অনুমোদন দিয়েছে। পাশাপাশি মন্ত্রিসভায় একাত্তরে পাকিস্তান সরকারের পক্ষ ছেড়ে মুক্তিযুদ্ধে যোগদানকারী কূটনীতিক, সাবেক বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিমন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদের মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৫। **পিরোজপুরের 'জিয়ানগর' উপজেলা আগের নামেই 'ইন্দুরকানি' নামকরণ**

পিরোজপুরের 'জিয়ানগর' উপজেলার নাম বদলে আগের নাম 'ইন্দুরকানি'তে ফিরে যেতে অনুমোদন দিয়েছে সরকার। প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) নাম পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দিয়েছে। এছাড়া নিকারের সভায় কুমিল্লার লালমাইকে নতুন উপজেলা এবং চট্টগ্রামের দোহাজারীকে পৌরসভায় উন্নীত করার প্রস্তাব অনুমোদন দেয়া হয়েছে। সচিবালয়ে গতকাল ৯ জানুয়ারি সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার

সভাপতিত্বে নিকার সভা হয়। সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৬। নির্বাচন কমিশনের ওপর মানুষের বিশ্বাস জরুরি : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশনের ওপর সাধারণ জনগণের আস্থা ও বিশ্বাস সবচেয়ে গুরুত্বপূর্ণ। নির্বাচন কমিশন পুনর্গঠনে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সংলাপের অংশ হিসেবে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে গতকাল ৯ জানুয়ারি সোমবার পৃথকভাবে সংলাপ করেছেন বিকল্পধারা, বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বাসদ), জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ (আম্বিয়া-প্রধান) ও ইসলামী আন্দোলনের নেতৃবৃন্দ। সংলাপে নির্বাচন কমিশন গঠনে বিকল্পধারা সাত দফা, বাসদ পাঁচ দফা প্রস্তাব এবং রাষ্ট্রের সাংবিধানিক প্রতিষ্ঠানের প্রধানগণ ও সাবেক প্রধান নির্বাচন কমিশনারের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক সদস্য নিয়ে সার্চ কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে জাসদ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৭। কমার্স ব্যাংকের পরিচালনা পর্ষদেও শীঘ্রই রদবদল : অর্থমন্ত্রী

ইসলামী ব্যাংকের পর এবার কমার্স ব্যাংকের পরিচালনা পর্ষদেও শীঘ্রই রদবদল আনা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ইসলামী ব্যাংকের মতো কমার্স ব্যাংকেরও রদবদল করা হবে। শীঘ্রই তা বাস্তবায়ন হবে। গতকাল ৯ জানুয়ারি সোমবার সিলেটের চা বাগান শ্রমিকদের আয়োজিত নগরীর উপকণ্ঠে লাক্কাতুরা গলফ ক্লাব মাঠে আলোচনা সভা শেষে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

৮। পাঠ্যবইয়ে ভুলের কারণে এনসিটিবির দুই কর্মকর্তা ওএসডি : শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন আজ

২০১৭ সালের পাঠ্যপুস্তকে ভুলক্রুটির জন্য প্রাথমিক তদন্তের পরিপ্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রধান সম্পাদক প্রীতিশ কুমার সরকার ও ঊর্ধ্বতন বিশেষজ্ঞ লানা হুমায়রা খানকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। একই সঙ্গে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) অধীনে প্রকাশিত ২০১৭ সালের পাঠ্যপুস্তকে ভুলক্রুটি নির্ণয় ও এসব ভুলক্রুটির জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে যথাযথ সুপরিশ প্রদানের জন্য গতকাল ৯ জানুয়ারি সোমবার উচ্চক্ষমতাসম্পন্ন পৃথক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি আগামী সাত কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। অন্যদিকে পাঠ্যপুস্তকে ভুলক্রুটি বিষয়ে মন্ত্রণালয়ের অবস্থান ব্যাখ্যা করে আজ ১০ জানুয়ারি মঙ্গলবার সংবাদ সম্মেলন ডেকেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

৯। যানজট এড়াতে ছুটির দিনে সভা-সমাবেশ করুন : ঢাকা দক্ষিণ সিটি মেয়র সাঈদ খোকন

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন নগরবাসীর জন্য যানজট একটি কঠিন সমস্যা হিসেবে উল্লেখ করে ভোগান্তির হাত থেকে রক্ষা পেতে রাজনৈতিক সভা-সমাবেশ সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনগুলোতে করার আহবান জানিয়েছেন। গতকাল ৯ জানুয়ারি সোমবার পান্থকুঞ্জ পার্কে নবনির্মিত অত্যাধুনিক পাবলিক টয়লেট উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫)।

১০। অর্গানাইজেশন অব আমেরিকান স্টেটসের স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা পেল বাংলাদেশ

আমেরিকান রাষ্ট্রগুলোর সংস্থা 'অর্গানাইজেশন অব আমেরিকান স্টেটস' (ওএএস)-এর স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা লাভ করেছে বাংলাদেশ। ওএএসের মহাসচিব লুইস অ্যালমাগরো বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর কাছে পাঠানো এক চিঠিতে বলেন, এই মর্যাদা লাভের মাধ্যমে বাংলাদেশ এবং আমেরিকার জনগণের অভিন্ন স্বার্থে আমাদের সংস্থা ও আপনাদের দেশের মধ্যে আমি দৃঢ় বন্ধন ও সহযোগিতা প্রত্যাশা করি। গতকাল ৯ জানুয়ারি সোমবার ঢাকায় প্রাপ্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ের এ সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ. ১৯,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

১১। স্পষ্ট অক্ষরে প্রেসক্রিপশন লেখার নির্দেশ হাইকোর্টের

স্পষ্ট অক্ষরে পড়ার উপযোগী করে চিকিৎসকদের ব্যবস্থাপত্র (প্রেসক্রিশন) লেখার নির্দেশনা দিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়কে ৩০ দিনের মধ্যে সার্কুলার জারির নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে ব্যবস্থাপত্রে ওষুধের জেনেরিক নাম লিখতে কেন নির্দেশ দেওয়া হবে না-তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের বেঞ্চ গতকাল ৯ জানুয়ারি সোমবার রুলসহ এ আদেশ দেন। আগামী

চার সপ্তাহের মধ্যে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকসহ সাত বিবাদীকে রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭) **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

১২। দ্বিতীয়বারের মতো মেয়রের দায়িত্ব নিলেন ডা. সেলিনা হায়াত আইভী

ডা. সেলিনা হায়াত আইভী গতকাল ৯ জানুয়ারি সোমবার দ্বিতীবারের মতো নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের মেয়রের দায়িত্ব গ্রহণ করেছেন। দায়িত্বভার গ্রহণ করে নগরভবনে বঙ্গবন্ধু সড়কে অপেক্ষমান কয়েক হাজার জনতার উদ্দেশে সেলিনা হায়াত আইভী বক্তব্য রাখেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, আপনারা আমাকে পুনরায় নির্বাচিত করে নারায়ণগঞ্জবাসীর মান সম্মান রক্ষা করেছেন। তিনি নারায়ণগঞ্জকে মডেল টাউন হিসেবে গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রীর কাছে সকল প্রকার সহযোগিতা চান। তিনি আরো বলেন, নারায়ণগঞ্জবাসী যে সম্মান আমাকে দিয়েছেন তার ঋণ আমি ও আমার পরিবার কোনো দিন শোধ করতে পারব না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

১৩। বড় ধরনের নাশকতা করার মতো শক্তি জঙ্গিদের নেই : ডিএমপি কমিশনার

জঙ্গিদের এখন বড় ধরনের নাশকতা করার মতো শক্তি আছে বলে মনে হয় না, তবে বিক্ষিপ্তভাবে হামলার আশঙ্কা একদম উড়িয়ে দেওয়া যায় না। গতকাল ৯ জানুয়ারি সোমবার ডিএমপি কার্যালয়ে জঙ্গি হামলায় নিহত পুলিশ সদস্যদের পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন সবার চেতনায় উজ্জীবিত, এটা সব সময়ই অম্লান, এই চেতনা সর্বদা সামনে এগিয়ে যাওয়ার পথে প্রেরণা যোগায়।

খ. **ইত্তেফাক, ভোরের কাগজ :** বঙ্গবন্ধু মহান স্বাধীনতার বীজ রোপণকারী এবং তাঁর অর্জন চিরকাল অন্য সকল কিছুর ঊর্ধ্বে উচ্চারিত হবে।

গ. **প্রথম আলো :** দেশের একমাত্র সংরক্ষিত প্রাকৃতিক মাছ প্রজনন কেন্দ্র চট্টগ্রামের হালদা নদীর দখল ও দূষন বন্ধের ব্যবস্থা গ্রহণ এবং মা মাছ শিকার বন্ধ করতে নিয়মিত পাহারার ব্যবস্থা করার সুপারিশ।

ঘ. **ইত্তেফাক, ভোরের কাগজ, সমকাল :** দুর্ঘটনা এড়াতে রেললাইনের লেভেল ক্রসিংয়ে সার্বক্ষণিক অন্তত একজন গেটম্যান রাখার সুপারিশ।

ঙ. **সংবাদ :** বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আয়-ব্যয়ের হিসাব দিতে বাধ্য করার সুপারিশ।

চ. **প্রথম আলো :** প্রবাসী শ্রমিকদের অকালমৃত্যুর বিষয়টি গভীর উদ্বেগজনক, অনতিবিলম্বে এর তদন্ত করে সে অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** দেশে ভূমিকম্পের উচ্চস্তরের ঝুঁকি থাকায় ভবন মালিকসহ প্রত্যেককে বিল্ডিং কোড মেনে চলার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** ডেঙ্গুর প্রকোপ বেড়ে যাওয়ায় নগরবাসীকে তাদের আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার সুপারিশ।

ঝ. **ইন্ডিপেনডেন্ট :** ১৯৭২ সালের ১০ জানুয়ারি তারিখে বঙ্গবন্ধুর দেশে ফিরে না আসা পর্যন্ত মুক্তিযুদ্ধের বিজয় পরিপূর্ণতা পায়নি বলে সম্পাদকীয়তে উল্লেখ করা হয়েছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও সরকারি চাকরি লাভের ক্ষেত্রে ‘কোটা’ পদ্ধতির কারণে প্রতি বছর বিপুলসংখ্যক মেধাবী ঝড়ে পড়ায় দেশের দ্রুত সমৃদ্ধি ও উন্নয়নে কোটা পদ্ধতিতে সংস্কার অপরিহার্য বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে **‘একাত্তরের শেষ, বাহাত্তরের শুরু’** শিরোনামের নিবন্ধে ফারুক চৌধুরী বাংলার মাটিতে বঙ্গবন্ধুর মৃত্যু নেই, বাংলাদেশের অগ্রযাত্রা অপ্রতিরোধ্য, বাংলাদেশ যতই এগিয়ে যাবে, বঙ্গবন্ধুর স্বপ্ন আর অর্জন আমাদের জাতির জন্য হয়ে উঠবে ততই প্রাসঙ্গিক বলে উল্লেখ করেছেন।

#

ডালিয়া/শুকলা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা